**এস,আর,ও নং ১৭৬-আয়কর/২০০২।**—Income-tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অত্র বিভাগের ৩রা অগ্রহায়ণ, ১৪০৬ বাং/১৭ই নভেম্বর, ১৯৯৯ ইং তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ৩৩৫-আইন/৯৯ রহিতক্রমে, অভ্যন্তরীণ নৌ-পথে যাত্রী পরিবহনে নিয়োজিত নৌ-যান এবং মালামাল পরিবহনে নিয়োজিত কার্গো, কোস্টার ও ডাম্পবার্জ হইতে অর্জিত আয়ের উপর প্রদেয় আয়করের হার পরিবর্তন করিয়া (modification) নিম্নবর্ণিত শর্তে ও হারে নির্ধারণ করিল, যথা:-

(১) যদি করদাতা উক্তরূপ নৌ-যান, কার্গো, কোস্টার বা ডাম্পবার্জের মালিক হন এবং উহার রেজিস্ট্রেশনের তারিখ হইতে দশ বৎসর অতিক্রান্ত না হইয়া থাকে, তাহা হইলে, নিম্নবর্ণিত হারে আয়কর প্রদান করিতে হইবে, যথা:-

(ক) অভ্যন্তরীণ নৌ-পথে যাত্রী পরিবহনে নিয়োজিত নৌ-যানের ক্ষেত্রে, উহার দিবাকালীন যাত্রী পরিবহন এর ক্ষমতার ভিত্তিতে যাত্রী প্রতি ৪০.০০ টাকা;

(খ) অভ্যন্তরীণ নৌ-পথে মালামাল পরিবহনে নিয়োজিত কার্গো বা কোষ্টারের ক্ষেত্রে উহার মালামাল পরিবহন এর ক্ষমতার ভিত্তিতে গ্রস টনেজ প্রতি ৬৫.০০ টাকা;

(গ) অভ্যন্তরীণ নৌ-পথে মালামাল পরিবহনে নিয়োজিত ডাম্পবার্জের ক্ষেত্রে, উহার মালামাল পরিবহন এর ক্ষমতার ভিত্তিতে গ্রস টনেজ প্রতি ৫০.০০ টাকা।

(২) যদি করদাতা উক্তরূপ নৌ-যান, কার্গো, কোস্টার বা ডাম্পবার্জের মালিক হন এবং উহার রেজিস্ট্রেশনের তারিখ হইতে দশ বৎসর অতিক্রান্ত হইয়া থাকে, তাহা হইলে, নিম্নবর্ণিত হারে আয়কর প্রদান করিতে হইবে, যথা:

(ক) অভ্যন্তরীণ নৌ-পথে যাত্রী পরিবহনে নিয়োজিত নৌ-যানের ক্ষেত্রে, উহার দিবাকালীন যাত্রী পরিবহন এর ক্ষমতার ভিত্তিতে যাত্রী প্রতি ২০.০০ টাকা;

(খ) অভ্যন্তরীণ নৌ-পথে মালামাল পরিবহনে নিয়োজিত কার্গো বা কোষ্টারের ক্ষেত্রে, উহার মালামাল পরিবহন এর ক্ষমতার ভিত্তিতে গ্রস টনেজ প্রতি ৩৫.০০ টাকা;

(গ) অভ্যন্তরীণ নৌ-পথে মালামাল পরিবহনে নিয়োজিত ডাম্পবার্জের ক্ষেত্রে, উহার মালামাল পরিবহন এর ক্ষমতার ভিত্তিতে গ্রস টনেজ প্রতি ২৮.০০ টাকা।

(৩) দফা (১) ও (২) এর অধীন প্রদেয় আয়কর করদাতাকে তাহার নৌযান, কার্গো, কোস্টার বা ডাম্পবার্জের রেজিস্ট্রেশন বা, ক্ষেত্রমত, সার্ভে সার্টিফিকেট নবায়নের পূর্বে প্রদান করিতে হইবে।

(৪) দফা (১) ও (২) এর অধীন প্রদেয় আয়কর বাংলাদেশ ব্যাংক বা সোনালী ব্যাংকের যে শাখা এতদুদ্দেশ্যে নির্ধারণ করা হয় সেই শাখায়, কোম্পানী করদাতার ক্ষেত্রে, "১/১১৪১/০০০০/০১০১-আয়কর-কোম্পানীসমূহ" খাতে এবং কোম্পানী ব্যতীত অন্য করদাতার ক্ষেত্রে, "১/১১৪১/০০০০/০১১১-আয়কর-কোম্পানী ব্যতীত" খাতে চালানের মাধ্যমে জমা প্রদান করিতে হইবে; অথবা তফসিলভূক্ত যে কোন ব্যাংকের একাউন্ট পেয়ি ব্যাংক ড্রাফট্ বা পে-অর্ডারের মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক এতদুদ্দেশ্যে নির্ধারিত কর্তৃপক্ষের নিকট জমা প্রদান করিতে হইবে।

(৫) দফা (৪) এর অধীন প্রদেয় আয়কর জমা প্রদানের চালান অথবা ব্যাংক ড্রাফট্ বা পে-অর্ডার সংশ্লিষ্ট নৌযান, কার্গো, কোস্টার বা ডাম্পবার্জের রেজিস্ট্রেশন কর্তৃপক্ষ অথবা, ক্ষেত্রমত, সার্ভে সার্টিফিকেট নবায়ন কর্তৃপক্ষের বরাবরে উপস্থাপন বা জমা প্রদান না করা পর্যন্ত উক্ত কর্তৃপক্ষ উক্ত যানের রেজিস্ট্রেশন প্রদান করিবে না অথবা, ক্ষেত্রমত, সার্ভে সার্টিফিকেট নবায়ন করিবে না।

(৬) এই প্রজ্ঞাপনের অধীন প্রদত্ত আয়করের ভিত্তিতে উল্লিখিত নৌ-যান, কার্গো, কোস্টার বা ডাম্পবার্জ হইতে অর্জিত আয় আয়কর রিটার্নে অন্তর্ভুক্ত করিতে হইবে।

২। এই প্রজ্ঞাপন তৈলবাহী নৌ-যান (oil tanker) এর ক্ষেত্রে প্রযোজ্য হইবে না।

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে,
**মোঃ দেলোয়ার হোসেন**
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

তারিখ, ১৬ আষাঢ় ১৪১৬ বঙ্গাব্দ/৩০ জুন ২০০৯ খ্রিস্টাব্দ

**এস,আর,ও নং ১৭৩-আয়কর/২০০৯।**—Income-tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, এই বিভাগের ৩রা অগ্রহায়ণ, ১৪০৬ বাং/১৭ই নভেম্বর, ১৯৯৯ ইং তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ৩৩৫-আইন/৯৯ এবং ১৯শে আষাঢ়, ১৪০৯ বাং/৩রা জুলাই, ২০০২ ইং তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৭৬-আয়কর/২০০২ রহিতক্রমে অভ্যন্তরীণ নৌ-পথে যাত্রী পরিবহনে নিয়োজিত নৌ-যান এবং মালামাল পরিবহনে নিয়োজিত কার্গো, কোস্টার ও ডাম্পবার্জ হইতে কোন করদাতার অর্জিত সম্পূর্ণ আয়কে নিম্নবর্ণিত শর্তাধীনে আয়কর প্রদান করা হইতে অব্যাহতি প্রদান করিল, যথা:-

(১) যদি উক্ত করদাতা উক্তরূপ নৌ-যান, কার্গো, কোস্টার বা ডাম্পবার্জের মালিক হন এবং উহার রেজিস্ট্রেশনের তারিখ হইতে দশ বৎসর অতিক্রান্ত না হইয়া থাকে, তাহা হইলে, তাহাকে নিম্নবর্ণিত হারে আয়কর প্রদান করিতে হইবে, যথা:-

(ক) অভ্যন্তরীণ নৌ-পথে যাত্রী পরিবহনে নিয়োজিত নৌ-যানের ক্ষেত্রে, উহার দিবাকালীন যাত্রী পরিবহন এর ক্ষমতার ভিত্তিতে যাত্রী প্রতি ৫০.০০ টাকা;

(খ) অভ্যন্তরীণ নৌ-পথে মালামাল পরিবহনে নিয়োজিত কার্গো বা কোস্টারের ক্ষেত্রে উহার মালামাল পরিবহন এর ক্ষমতার ভিত্তিতে গ্রস টনেজ প্রতি ৭৫.০০ টাকা;

(গ) অভ্যন্তরীণ নৌ-পথে মালামাল পরিবহনে নিয়োজিত ডাম্পবার্জের ক্ষেত্রে, উহার মালামাল পরিবহন এর ক্ষমতার ভিত্তিতে গ্রস টনেজ প্রতি ৬০.০০ টাকা।

(২) যদি উক্ত করদাতা উক্তরূপ নৌ-যান, কার্গো, কোস্টার বা ডাম্পবার্জের মালিক হন এবং উহার রেজিস্ট্রেশনের তারিখ হইতে দশ বৎসর অতিক্রান্ত হইয়া থাকে, তাহা হইলে, তাহাকে নিম্নবর্ণিত হারে আয়কর প্রদান করিতে হইবে, যথা:-

(ক) অভ্যন্তরীণ নৌ-পথে যাত্রী পরিবহনে নিয়োজিত নৌ-যানের ক্ষেত্রে, উহার দিবাকালীন যাত্রী পরিবহন এর ক্ষমতার ভিত্তিতে যাত্রী প্রতি ২৫.০০ টাকা;

(খ) অভ্যন্তরীণ নৌ-পথে মালামাল পরিবহনে নিয়োজিত কার্গো বা কোস্টারের ক্ষেত্রে, উহার মালামাল পরিবহন এর ক্ষমতার ভিত্তিতে গ্রস টনেজ প্রতি ৩৫.০০ টাকা;

(গ) অভ্যন্তরীণ নৌ-পথে মালামাল পরিবহনে নিয়োজিত ডাম্পবার্জের ক্ষেত্রে, উহার মালামাল পরিবহন এর ক্ষমতার ভিত্তিতে গ্রস টনেজ প্রতি ২৮.০০ টাকা।

(৩) দফা (১) ও (২) এ উল্লিখিত করদাতাকে উক্ত দফাসমূহে বর্ণিত হারে আয়কর সংশ্লিষ্ট নৌ-যান, কার্গো, কোস্টার বা ডাম্পবার্জের সার্ভে সার্টিফিকেট নবায়নের পূর্বে প্রদান করিতে হইবে।

(৪) দফা (১) ও (২) এর অধীন প্রদেয় আয়কর সংশ্লিষ্ট কর সার্কেলের উপ-কর কমিশনার এর বরাবর ইস্যুকৃত কোন তফসিলি ব্যাংকের ব্যাংক ড্রাফট বা পে-অর্ডারের মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক এতদুদ্দেশ্যে নির্ধারিত কর্তৃপক্ষের নিকট জমা প্রদান করিতে হইবে।

(৫) এই প্রজ্ঞাপন অনুযায়ী নির্ধারিত হারে নির্দিষ্ট খাতে আয়কর জমা প্রদানের চালান অথবা ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার সংশ্লিষ্ট নৌ-যান, কার্গো, কোস্টার বা ডাম্পবার্জের রেজিস্ট্রেশন কর্তৃপক্ষ অথবা, ক্ষেত্রমত, সার্ভে সার্টিফিকেট নবায়ন কর্তৃপক্ষের বরাবরে উপস্থাপন বা জমা প্রদান না করা পর্যন্ত এতদুদ্দেশ্যে নির্ধারিত কর্তৃপক্ষ উক্ত যানের রেজিস্ট্রেশন প্রদান করিবে না অথবা, ক্ষেত্রমত, সার্ভে সার্টিফিকেট নবায়ন করিবে না।

(৬) এই প্রজ্ঞাপনের অধীন আয়কর প্রদানকারীর নৌ-যান, কার্গো, কোস্টার বা ডাম্পবার্জ হইতে অর্জিত আয় তাহার আয়কর রিটার্নে অন্তর্ভুক্ত করা যাইবে, তবে এইরূপ আয়ের জন্য অতিরিক্ত কর প্রদেয় হইবে না এবং এইরূপ আয়ের পরিমাণ প্রদত্ত আয়করের ক্ষেত্রে প্রযোজ্য মোট আয়ের বেশী হইবে না।

২। এই প্রজ্ঞাপন তৈলবাহী নৌ-যান (oil tanker) এর ক্ষেত্রে প্রযোজ্য হইবে না।

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে,
**পারসা বেগম**
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

**এস,আর,ও নং ২২৪-আইন/আয়কর/২০১২।**—Income-tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, এই বিভাগের ১৬ আষাঢ়, ১৪১৬ বঙ্গাব্দ মোতাবেক ৩০ জুন, ২০০৯ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৭৩-আয়কর/২০০৯ রহিতক্রমে-

(১) অভ্যন্তরীণ নৌ-পথে যাত্রী পরিবহনে নিয়োজিত নৌ-যান এবং মালামাল পরিবহনে নিয়োজিত কার্গো, কোস্টার ও ডাম্পবার্জ হইতে কোন করদাতার অর্জিত সম্পূর্ণ আয় নিম্নবর্ণিত শর্তাধীনে আয়কর প্রদান করা হইতে অব্যাহতি প্রদান করিল, যথা:-

(ক) যদি উক্ত করদাতা উক্তরূপ নৌ-যান, কার্গো, কোস্টার বা ডাম্পবার্জের মালিক হন এবং উহার রেজিস্ট্রেশনের তারিখ হইতে দশ বৎসর অতিক্রান্ত না হইয়া থাকে এবং তিনি নিম্নবর্ণিত হারে আয়কর প্রদান করেন, যথা:-

(অ) অভ্যন্তরীণ নৌ-পথে যাত্রী পরিবহনে নিয়োজিত নৌ-যানের ক্ষেত্রে, উহার দিবাকালীন যাত্রী পরিবহন এর ক্ষমতার ভিত্তিতে যাত্রী প্রতি ৭৫.০০ টাকা;

(আ) অভ্যন্তরীণ নৌ-পথে মালামাল পরিবহনে নিয়োজিত কার্গো বা কোস্টারের ক্ষেত্রে উহার মালামাল পরিবহন এর ক্ষমতার ভিত্তিতে গ্রস টনেজ প্রতি ১০০.০০ টাকা;

(ই) অভ্যন্তরীণ নৌ-পথে মালামাল পরিবহনে নিয়োজিত ডাম্পবার্জের ক্ষেত্রে, উহার মালামাল পরিবহন এর ক্ষমতার ভিত্তিতে গ্রস টনেজ প্রতি ৭৫.০০ টাকা।

(খ) যদি উক্ত করদাতা উক্তরূপ নৌ-যান, কার্গো, কোস্টার বা ডাম্পবার্জের মালিক হন এবং উহার রেজিস্ট্রেশনের তারিখ হইতে দশ বৎসর অতিক্রান্ত হইয়া থাকে এবং তিনি নিম্নবর্ণিত হারে আয়কর প্রদান করেন, যথা:-

Bangladesh Tax Update

(অ) অভ্যন্তরীণ নৌ-পথে যাত্রী পরিবহনে নিয়োজিত নৌ-যানের ক্ষেত্রে, উহার দিবাকালীন যাত্রী পরিবহন এর ক্ষমতার ভিত্তিতে যাত্রী প্রতি ২৫.০০ টাকা;

(আ) অভ্যন্তরীণ নৌ-পথে মালামাল পরিবহনে নিয়োজিত কার্গো বা কোষ্টারের ক্ষেত্রে, উহার মালামাল পরিবহন এর ক্ষমতার ভিত্তিতে গ্রস টনেজ প্রতি ৩৫.০০ টাকা;

(ই) অভ্যন্তরীণ নৌ-পথে মালামাল পরিবহনে নিয়োজিত ডাম্পবার্জের ক্ষেত্রে, উহার মালামাল পরিবহন এর ক্ষমতার ভিত্তিতে গ্রস টনেজ প্রতি ২৮.০০ টাকা।

(গ) দফা (ক) ও (খ) এ উল্লিখিত করদাতাকে উক্ত দফাসমূহে বর্ণিত হারে আয়কর সংশ্লিষ্ট নৌ-যান, কার্গো, কোস্টার বা ডাম্পবার্জের সার্ভে সার্টিফিকেট নবায়নের পূর্বে প্রদান করিতে হইবে।

(ঘ) দফা (ক) ও (খ) এর অধীন প্রদেয় আয়কর সংশ্লিষ্ট কর সার্কেলের উপ-কর কমিশনার এর বরাবর ইস্যুকৃত কোন তফসিলি ব্যাংকের ব্যাংক ড্রাফট্ বা পে-অর্ডারের মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক এতদুদ্দেশ্যে নির্ধারিত কর্তৃপক্ষের নিকট জমা প্রদান করিতে হইবে।

(ঙ) এই প্রজ্ঞাপন অনুযায়ী নির্ধারিত হারে নির্দিষ্ট খাতে আয়কর জমা প্রদানের চালান অথবা ব্যাংক ড্রাফট্ বা পে-অর্ডার সংশ্লিষ্ট নৌ-যান, কার্গো, কোস্টার বা ডাম্পবার্জের রেজিস্ট্রেশন কর্তৃপক্ষ অথবা, ক্ষেত্রমত, সার্ভে সার্টিফিকেট নবায়ন কর্তৃপক্ষের বরাবরে উপস্থাপন বা জমা প্রদান না করা পর্যন্ত এতদুদ্দেশ্যে নির্ধারিত কর্তৃপক্ষ উক্ত যানের রেজিস্ট্রেশন প্রদান করিবে না অথবা, ক্ষেত্রমত, সার্ভে সার্টিফিকেট নবায়ন করিবে না।

(চ) এই প্রজ্ঞাপনের অধীন আয়কর প্রদানকারীর নৌ-যান, কার্গো, কোস্টার বা ডাম্পবার্জ হইতে অর্জিত আয় তাহার আয়কর রিটার্নে অন্তর্ভুক্ত করা যাইবে, তবে এইরূপ আয়ের জন্য অতিরিক্ত কর প্রদেয় হইবে না এবং এইরূপ আয়ের পরিমাণ প্রদত্ত আয়করের ক্ষেত্রে প্রযোজ্য মোট আয়ের বেশী হইবে না।

(২) উপ-অনুচ্ছেদ (১) এর দফা (ক) এ বর্ণিত নৌ-যানের ক্ষেত্রে উক্ত দফায় নির্ধারিত আয়করের পরিমাণ-এর দশগুণ আয়কর উক্ত নৌ-যান রেজিস্ট্রেশনের সময় পরিশোধ করার শর্তে কোন করদাতার আয়, যাহা উক্ত নৌ-যান ক্রয় বা অর্জনে বিনিয়োগ করা হইয়াছে, আয়কর হইতে অব্যাহতিপ্রাপ্ত হইবে।”

২। এই প্রজ্ঞাপন তৈলবাহী নৌ-যান (oil tanker) এর ক্ষেত্রে প্রযোজ্য হইবে না।

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে,
সৈয়দ মোঃ আমিনুল করিম
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

**প্রজ্ঞাপন**

তারিখ, ১২ আষাঢ়, ১৪২১ বঙ্গাব্দ/২৬ জুন, ২০১৪ খ্রিস্টাব্দ।

**এস,আর,ও নং ১৬২-আইন/আয়কর/২০১৪**।—Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার এই বিভাগের ১৩ আষাঢ়, ১৪১৯ বঙ্গাব্দ মোতাবেক ২৭ জুন ২০১২ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ২২৪-আইন/আয়কর/২০১২ এর নিম্নরূপ সংশোধন করিল, যথাঃ-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের অনুচ্ছেদ (১) এর-

(ক) দফা (ক) এর-

(অ) উপ-দফা (অ) তে বর্ণিত "৭৫.০০" সংখ্যা ও চিহ্নের পরিবর্তে "১০০.০০" সংখ্যা ও চিহ্ন প্রতিস্থাপিত হইবে;

(আ) উপ-দফা (আ) তে বর্ণিত "১০০.০০" সংখ্যা ও চিহ্নের পরিবর্তে "১৩৫.০০" সংখ্যা ও চিহ্ন প্রতিস্থাপিত হইবে;

(ই) উপ-দফা (ই) তে বর্ণিত "৭৫.০০" সংখ্যা ও চিহ্নের পরিবর্তে "১০০.০০" সংখ্যা ও চিহ্ন প্রতিস্থাপিত হইবে;

(খ) দফা (খ) এর-

(অ) উপ-দফা (অ) তে বর্ণিত "২৫.০০" সংখ্যা ও চিহ্নের পরিবর্তে "৪০.০০" সংখ্যা ও চিহ্ন প্রতিস্থাপিত হইবে;

(আ) উপ-দফা (আ) তে বর্ণিত "৩৫.০০" সংখ্যা ও চিহ্নের পরিবর্তে "৬০.০০" সংখ্যা ও চিহ্ন প্রতিস্থাপিত হইবে; এবং

(ই) উপ-দফা (ই) তে বর্ণিত "২৮.০০" সংখ্যা ও চিহ্নের পরিবর্তে "৫০.০০" সংখ্যা ও চিহ্ন প্রতিস্থাপিত হইবে।

০২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০১৪ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে,
(সৈয়দ মোঃ আমিনুল করিম)
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**(আয়কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১১ আষাঢ়, ১৪২৫ বঙ্গাব্দ/২৫ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ

**এস,আর,ও নং ১৯০-আইন/আয়কর/২০১৮।**—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার ১৩ আষাঢ়, ১৪১৯ বঙ্গাব্দ মোতাবেক ২৭ জুন, ২০১২ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ২২৪-আইন/আয়কর/২০১২ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরিউক্ত প্রজ্ঞাপনের অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ (২) এর পর নিম্নরূপ নূতন ব্যাখ্যা সংযোজিত হইবে, যথা:-

"**ব্যাখ্যা।**—এই প্রজ্ঞাপনের উদ্দেশ্য পূরণকল্পে, 'অভ্যন্তরীণ নৌ-পথে মালামাল পরিবহনে নিয়োজিত কার্গো' অর্থে অভ্যন্তরীণ নৌ-পথে মালামাল পরিবহনে নিয়োজিত কন্টেইনারও (মাল্টিপারপাস) অন্তর্ভুক্ত হইবে।"।

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি**

সিনিয়র সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**(আয়কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৯ আষাঢ় ১৪২৬ বঙ্গাব্দ/২৩ জুন ২০১৯ খ্রিষ্টাব্দ।

এস,আর,ও নং **২১৪-আইন/আয়কর/২০১৯।**—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, এই বিভাগের ২৭ জুন, ২০১২ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ২২৪-আইন/আয়কর/২০১২ রহিতক্রমে, অভ্যন্তরীণ নৌ-পথে যাত্রী পরিবহনে নিয়োজিত নৌ-যান এবং মালামাল পরিবহনে নিয়োজিত কার্গো, কন্টেইনার (মাল্টিপারপাস), কোস্টার বা ডাম্পবার্জ হইতে কোন করদাতার অর্জিত সম্পূর্ণ আয় নিম্নবর্ণিত শর্তাধীন আয়কর প্রদান হইতে অব্যাহতি প্রদান করিল, যথা:-

(ক) যদি উক্ত করদাতা উক্তরূপ নৌ-যান, কার্গো, কন্টেইনার (মাল্টিপারপাস), কোস্টার বা ডাম্পবার্জের মালিক হন এবং তিনি নিম্নবর্ণিত হারে আয়কর প্রদান করেন, যথা:

| ক্রমিক | যানবাহনের বিবরণ | প্রদেয় আয়কর |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| (অ) | অভ্যন্তরীণ নৌ-পথে যাত্রী পরিবহনে নিয়োজিত নৌ-যানের ক্ষেত্রে | দিবাকালীন যাত্রী পরিবহনের ক্ষমতার ভিত্তিতে যাত্রী প্রতি ১২৫ টাকা |
| (আ) | অভ্যন্তরীণ নৌ-পথে মালামাল পরিবহনে নিয়োজিত কার্গো, কন্টেইনার (মাল্টিপারপাস) বা কোস্টারের ক্ষেত্রে | মালামাল পরিবহনের ক্ষমতার ভিত্তিতে গ্রস টনেজ প্রতি ১৭০ টাকা |
| (ই) | অভ্যন্তরীণ নৌ-পথে মালামাল পরিবহনে নিয়োজিত ডাম্পবার্জের ক্ষেত্রে | মালামাল পরিবহনের ক্ষমতার ভিত্তিতে গ্রস টনেজ প্রতি ১২৫ টাকা। |

(খ) দফা (ক) এ উল্লিখিত করদাতাকে উক্ত দফায় বর্ণিত হারে আয়কর সংশ্লিষ্ট নৌ-যান, কার্গো, কন্টেইনার (মাল্টিপারপাস), কোস্টার বা ডাম্পবার্জের সার্ভে সার্টিফিকেট নবায়নের পূর্বে প্রদান করিতে হইবে;

(গ) দফা (ক) এর অধীন প্রদেয় আয়কর সংশ্লিষ্ট কর সার্কেলের উপকর কমিশনার এর বরাবর। ইস্যুকৃত কোন তফসিলি ব্যাংকের ব্যাংক ড্রাফট বা পে অর্ডারের

মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক এতদুদ্দেশ্যে নির্ধারিত কর অঞ্চলের আয়কর কোডে জমা প্রদান করিতে হইবে;

(ঘ) এই প্রজ্ঞাপন অনুযায়ী নির্দিষ্ট খাতে নির্ধারিত হারে আয়কর জমা প্রদান করিয়া সংশ্লিষ্ট উপ কর। কমিশনারের নিকট হইতে অনুমিত আয়কর পরিশোধ সনদ সংগ্রহপূর্বক সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট উপস্থাপন না করা পর্যন্ত উক্ত কর্তৃপক্ষ উক্ত নৌ-যানের রেজিস্ট্রেশন প্রদান করিবে না অথবা, ক্ষেত্রমত, সার্ভে সার্টিফিকেট নবায়ন করিবে না;

(ঙ) এই প্রজ্ঞাপনের অধীন আয়কর প্রদানকারীর নৌ-যান, কার্গো, কন্টেইনার (মাল্টিপারপাস), কোস্টার বা ডাম্পার্জ হইতে অর্জিত আয় প্রদত্ত আয়করের অনুপাতে তাহার আয়কর রিটার্নে অন্তর্ভুক্ত করা যাইবে, তবে এই খাত হইতে রিটার্নে প্রদর্শিত আয়ের পরিমাণ প্রদত্ত আয়করের অনুপাতে নিরূপিত আয়ের চেয়ে বেশি হইলে অতিরিক্ত আয়ের জন্য শিডিউলে বর্ণিত হারে আয়কর প্রদান করিতে হইবে;

(চ) দফা (ক) এ বর্ণিত নৌ-যানের ক্ষেত্রে উক্ত দফায় নির্ধারিত আয়করের পরিমাণ এর একশত গুণ। আয়কর উক্ত নৌ-যান রেজিস্ট্রেশনের সময় পরিশোধ করার শর্তে কোন করদাতার আয়, যাহা উক্ত নৌ-যান ক্রয় বা অর্জনে বিনিয়োগ করা হইয়াছে, আয়কর হইতে অব্যাহতি প্রাপ্ত হইবে;

(ছ) উক্ত Ordinance এর section 35 অনুযায়ী যথাযথভাবে হিসাব সংরক্ষণ করিতে হইবে এবং section 75 এ নির্ধারিত সময়ের মধ্যে আয়কর রিটার্ন সংশ্লিষ্ট আয়কর কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে; এবং

(জ) Inland Shipping Rules, 1986 এ বর্ণিত অভ্যন্তরীণ নো-পথে যাত্রী পরিবহনে নিয়োজিত নৌ-যানের ক্ষেত্রে যাত্রী সুরক্ষার জন্য প্রযোজ্য জীবন রক্ষাকারী সরঞ্জামসহ অন্যান্য সুযোগ সুবিধা নিশ্চিত করা না হইলে এই প্রজ্ঞাপনের অধীন কর অব্যাহতি সুবিধা প্রাপ্য হইবে না।

২। এই প্রজ্ঞাপন তৈলবাহী নৌ-যান (Oil tanker) এর ক্ষেত্রে প্রযোজ্য হইবে না।

৩। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি
সিনিয়র সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড।